চেয়ারম্যান

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

এবং

সিনিয়র সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

এবং

সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

## সূচিপত্র


| বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১ : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩ : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ | ১৩ |

উপক্রমণিকা **(Preamble)**

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

এবং

সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of BAEC)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

রূপপুর প্রকল্পের প্রাথমিক কার্যাদি সম্পাদন, রাশিয়ার সাথে মূল নির্মাণ কাজের ঋণচুক্তি স্বাক্ষর, General Contract ও Spent Nuclear Fuel ফেরৎ প্রদানের চুক্তি স্বাক্ষর, NPPCBL গঠন, রূপপুর প্রকল্পের Siting Licence; ৪ নভেম্বর ২০১৭ খ্রি. ১ম ইউনিটের এবং ৮ জুলাই ২০১৮ খ্রি. ২য় ইউনিটের Design & Construction Licence গ্রহণ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩০ নভেম্বর ২০১৭ ও ১৪ জুলাই ২০১৮-এ যথাক্রমে ১ম এবং ২য় ইউনিটের ১ম কংক্রিট ঢালাইয়ের শুভ উদ্বোধন করেন এবং বিশ্ব পরমাণু ক্লাবে বাংলাদেশের ৩২তম সদস্য হিসাবে মর্যাদা লাভ। সাইক্লোট্রন সুবিধাদিসহ পেট-সিটি স্থাপন; পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা-এর বস্তুবিজ্ঞান বিভাগে ন্যানো এবং ন্যানো-জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি (১ম সংশোধিত); জুলাই ২০১৭-মার্চ ২০২০ পর্যন্ত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র মূল পর্যায়ের নির্মাণ কার্যক্রমের ২২.৮% সম্পাদন। এছাড়া জুলাই ২০১৭-মার্চ ২০২০ পর্যন্ত সময়ে ক) মানবসম্পদ উন্নয়নে ১৫২ টি কোর্স আয়োজনের মাধ্যমে ১০৮৯ জনকে প্রশিক্ষণ প্রদান, খ) বিভিন্ন গবেষণাগারে ২২৩ জন ছাত্র/শিক্ষক/গবেষক কে বিএসসি, এমএস, এমএসসি, এমফিল, এমডি ও পি-এইচডি থিসিস গবেষণা তত্ত্বাবধান, গ) জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে ৪২৯ টি গবেষণা প্রবন্ধ প্রকাশ ৪২৯ টি গবেষণালব্ধ ফলাফল জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রবন্ধ আকারে প্রকাশ ঘ) পরমাণু চিকিৎসা কেন্দ্রসমূহে ১৩২০৮২৪ জন রোগীকে পরমাণু চিকিৎসাসেবা প্রদান, ঙ) পুণর্বাসন ও শল্য চিকিৎসায় ব্যবহারের জন্য ৪৪৬৯০ সিসি বোন গ্রাফট ও ১৭২১২ পিস এ্যামনিয়ন গ্রাফট বিভিন্ন হাসপাতালে সরবরাহ এবং চ) পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা ও চট্টগ্রামে ৪৭৮৪৬ টি আমদানীকৃত ও রপ্তানীযোগ্য খাদ্য নমুনার তেজস্ক্রিয়তা পরীক্ষণসেবা প্রদান।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিত করে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন। আরও ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনমাস স্থাপন; ইনমাস ময়মনসিংহ ও চট্টগ্রামে সাইক্লোট্রন ও পেট-সিটি এবং এনএমপিআই, সাভারে সাইক্লোট্রন সুবিধাদি স্থাপন। ইনমাস ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, দিনাজপুর ও রংপুর-এর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে চিকিৎসা সেবার পরিধি বৃদ্ধি; নবজাতকের মধ্যে জন্মগত হাইপোথাইরয়েড রোগের প্রাদুর্ভাব সনাক্তকরণ (দ্বিতীয় পর্যায়); মংলা বন্দরে স্থাপিত তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও পরিবীক্ষণ গবেষণাগারের মানবসম্পদ উন্নয়নসহ আবাসিক সুবিধাদি স্থাপন; যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবন ও উদ্ভাবিত প্রযুক্তির ব্যবহার এবং টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য অর্জনে বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলা। মুজিববর্ষ পালনে বাপশক অধীনস্থ পরমাণু চিকিৎসা কেন্দ্রসমূহে বিনামূল্যে বিভিন্ন পরমাণু চিকিৎসা সেবা প্রদান।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

দেশের বিভিন্ন স্থানে আরো আটটি ইনমাস স্থাপন; বিভিন্ন পরমাণু চিকিৎসা কেন্দ্রে পর্যায়ক্রমে নিউক্লিয়ার মেডিসিনে এমডি কোর্স চালু; সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি পরমাণু গবেষণা চুল্লী স্থাপন এবং বাপশক-এর অধীনস্থ সকল কেন্দ্র/প্রতিষ্ঠান/ইউনিটে গবেষণা ও উন্নয়নমূলক কার্যক্রম পর্যায়ক্রমে উত্তরোত্তর বৃদ্ধি করা। দেশে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে স্থান চিহ্নিত করা। বিভিন্ন গবেষণা/সেবাসমূহে আইএসও মানে উন্নীতকরণ।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে মূল পর্যায়ের ভৌত অবকাঠামোর ১৬% কার্যক্রম সম্পাদন;
- পরমাণু প্রযুক্তি বিষয়ে দক্ষ মানব সম্পদ উন্নয়ন;
- দেশে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে স্থান চিহ্নিত করা।
- ইনমাস ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, দিনাজপুর ও রংপুর-এর সক্ষমতা বৃদ্ধি;
- দেশের আরও ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন;
- রেডিওথেরাপি, ডায়াগনস্টিক রেডিওলজি ও নিউট্রন ক্রমাংকন ও মান নিয়ন্ত্রণের সুবিধাদি স্থাপন;
- ইনস্টিটিউট অব ইলেকট্রনিক্স এর গবেষণাগার সুবিধা উন্নয়ন ও আধুনিকায়ন এবং
- সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের ৩ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন গবেষণা রিঅ্যাক্টর ফ্যাসিলিটির সেফটি সিস্টেমের সমন্বয়সাধন, আধুনিকীকরণ, রক্ষণাবেক্ষণ ও বর্ধিতকরণ।

## সেকশন ১

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

### ১.১ রূপকল্প:

পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহারের মাধ্যমে সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে অবদানের লক্ষ্যে পারমাণবিক বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি সাধন দ্বারা আত্মনির্ভরশীলতা অর্জন।

### ১.২ অভিলক্ষ্য:

- ভৌত, জীব ও প্রকৌশল ক্ষেত্রে পারমাণবিক বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর মৌলিক, ব্যবহারিক ও উন্নত গবেষণা কর্মসূচীর অগ্রগতি সাধন
- পারমাণবিক শক্তি (পারমাণবিক বিদ্যুৎ) বিষয়ক কর্মসূচির বাস্তবায়ন
- পারমাণবিক প্রযুক্তিনির্ভর সেবামূলক কর্মকান্ড ভিন্ন ভিন্ন প্রান্তিক ব্যবহারকারীদের কাছে পৌঁছে দেয়া
- কৃষি, শিল্প, স্বাস্থ্য এবং পরিবেশ ক্ষেত্রে পরমাণু প্রযুক্তির প্রয়োগ
- পারমাণবিক বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে দক্ষ মানবসম্পদ উন্নয়ন
- বিকিরণজনিত নিরাপত্তা চর্চা
- খনিজ সম্পদ অনুসন্ধান ও আহরণে পরমাণু প্রযুক্তির ব্যবহার

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(১) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণায় সহায়তা প্রদান

(২) বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণ

(৩) পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকরণ

(৪) আর্থ-সামাজিক উন্নয়নের জন্য পরিবেশ বান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন

(৫) বিজ্ঞান ও প্রযুক্তি প্রসারে অবকাঠামো উন্নয়ন

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

(১)দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

(২)কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

(৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ প্রধান কার্যাবলি:

(১) পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্য, শিল্প ও কৃষি ক্ষেত্রে সেবা কার্যক্রম পরিচালনা;

(২) বিদেশ থেকে আমদানীকৃত সকল প্রকার খাদ্যদ্রব্যে তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণের মাধ্যমে জনস্বাস্থ্য রক্ষা;

(৩) কৃষি, শিল্প, পরিবেশ ও খাদ্যদ্রব্যসহ নানা ধরনের নমুনার রাসায়নিক বিশ্লেষণ সেবা প্রদান;

(৪) বিকিরণ প্রয়োগে খাদ্যদ্রব্যের সেলফ লাইফ বৃদ্ধিসহ কৃষি ও চিকিৎসাসামগ্রী জীবাণুমুক্তকরণ;

(৫) আগুনে পোড়া/ক্ষত রোগীর রোগ নিরাময়ের জন্য জীবাণুমুক্ত প্রক্রিয়াজাত মানব টিস্যু বিভিন্ন সরকারি/বেসরকারি হাসপাতাল/ক্লিনিক-এ সরবরাহকরণ;

(৬) গবেষণা কাজ তত্ত্বাবধানসহ কারিগরী বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন এবং

(৭) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনসহ পরমাণু শক্তির শান্তিপূণ ব্যবহার এবং পরমাণু চিকিৎসা সেবা প্রদান।

## সেকশন ২

### বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণায় সহায়তা প্রদান | থিসিস/রিপোর্ট সম্পাদনে গবেষণা সহায়তা/তত্ত্বাবধান | সংখ্যা | ৮২ | ৫৭ | ৪৫ | ৮৩ | ৮৪ | -- | বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ |
| আর্থ-সামাজিক উন্নয়নের জন্য পরিবেশ বান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন | বৈজ্ঞানিক জার্নালে প্রকাশিত প্রবন্ধ ও বই | সংখ্যা | ১৫২ | ১১০ | ৮০ | ১৫৩ | ১৫৪ | -- | বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ |
| পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকরণ | পরমাণু চিকিৎসা সেবা গ্রহীতা | সংখ্যা | ৪৯০১৪৫ | ৩৯৫৪১৭ | ৩১০০০০ | ৪০৬০০০ | ৪০৭০০০ | -- | বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ |
| | আমদানী ও রপ্তানীকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার মাত্রা নিরূপণ | সংখ্যা | ১৬৩৩৪ | ১৪৬৩৮ | ১১৫০০ | ১৩৮০০ | ১৩৯০০ | -- | বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ |
| | বিকিরণ কর্মীর শরীরে প্রাপ্ত বিকিরণ মাত্রা নিরূপণ | সংখ্যা | ১২১৫৭ | ৯৬৯১ | ৫৮০০ | ৭৮৭৫ | ৭৯০০ | -- | বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ |

*সাময়িক (মার্চ, ২০২০ পর্যন্ত)

# সেকশন ৩

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**(মোট মান-৭৫)**

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০ - ২০২১ (Target/Criteria Value for 2020-2021) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ০১. বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণায় সহায়তা প্রদান | ১২ | ১.১ থিসিস/রিপোর্ট সম্পাদনে গবেষণা সহায়তা/তত্ত্বাবধান | ১.১.১ সম্পাদিত থিসিস/রিপোর্ট | সমষ্টি | সংখ্যা | ২ | ৮২ | ৫৭ | ৪৫ | ৪৪ | ৪৩ | ৪২ | ৪১ | ৮৩ | ৮৪ |
| | | ১.২ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ | ১.২.১ প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা | ১০ | ৩৬৬ | ৩৫৩ | ২০০ | ১৯৫ | ১৯০ | ১৮৫ | ১৮০ | ৩৭০ | ৩৭৫ |
| ০২. বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণ | ১০ | ২.১ বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালা আয়োজন | ২.১.১ আয়োজিত সেমিনার ও কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৯ | ৫৪ | ৪৭ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ৫৬ | ৫৭ |
| | | ২.২ স্কুলের ছাত্র/ছাত্রীকে সাভারস্থ এইআরই এর বিভিন্ন গবেষণাগার পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ছাত্র/ছাত্রীদের মাঝে বঙ্গবন্ধু বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন এবং বিজয়ীদের মাঝে বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী ক্রেস্ট ও পুরস্কার প্রদান | ২.২.১ আয়োজিত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ১ | - | ২ | ৪ | ৩ | ২ | ১ | ১ | - | - |
| ০৩. পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকরণ | ৪৩ | ৩.১ সাধারণ ও রেডিও-আইসোটোপ ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রদান | ৩.১.১ সেবা গ্রহীতা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪৯০১৪৫ | ৩৯৫৪১৭ | ৩১০০০০ | ৩০৮০০০ | ৩০৭০০০ | ৩০৬০০০ | ৩০৫০০০ | ৪০৬০০০ | ৪০৭০০০ |
| | | ৩.২ অ্যামনিয়ন টিস্যু ও অস্থিগ্রাফট উৎপাদন ও সরবরাহ | ৩.২.১ সরবরাহকৃত অ্যামনিয়ন গ্রাফট | সমষ্টি | সংখ্যা | ৮ | ৬৫৫২ | ৪৬৭১ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৪৭৫০ | ৪৮০০ |
| | | | ৩.২.২ সরবরাহকৃত অস্থি গ্রাফট | সমষ্টি | পরিমাণ (সিসি) | ৮ | ১৬৩২৮ | ১২৬৮১ | ১০৫০০ | ১০৩০০ | ১০২০০ | ১০১০০ | ১০০০০ | ১৪৬০০ | ১৪৭০০ |
| | | ৩.৩ আমদানি ও রপ্তানিকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার মাত্রা নিরূপণ | ৩.৩.১ তেজস্ক্রিয়তার মাত্রা নিরূপিত সেবা | সমষ্টি | সংখ্যা | ৮ | ১৬৩৩৪ | ১৪৬৩৮ | ১১০০০ | ১০৯০০ | ১০৮০০ | ১০৭০০ | ১০৬০০ | ১৩৮০০ | ১৩৯০০ |
| | | ৩.৪ বিকিরণ কর্মীর শরীরে প্রাপ্ত বিকিরণ মাত্রা নিরূপণ | ৩.৪.১ টিএলডি সেবা প্রদান | সমষ্টি | সংখ্যা | ৪ | ১২১৫৭ | ৯৬৯১ | ৫৫০০ | ৫৪০০ | ৫৩০০ | ৫২০০ | ৫১০০ | ৭৮৭৫ | ৭৯০০ |
| | | ৩.৫ বিকিরণ প্রয়োগের মাধ্যমে খাদ্যদ্রব্য সংরক্ষণ | ৩.৫.১ বিকিরণ প্রয়োগকৃত খাদ্যদ্রব্যের পরিমাণ | সমষ্টি | পরিমাণ (টন) | ১ | ১৭০ | ১০৯.৯৬ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ৫০ | ৫৫ |
| | | ৩.৬ বিকিরণ প্রয়োগের মাধ্যমে চিকিৎসাসামগ্রী জীবাণুমুক্তকরণ | ৩.৬.১ বিকিরণ প্রয়োগকৃত চিকিৎসাসামগ্রীর পরিমাণ | সমষ্টি | পরিমাণ (সিএফটি) | ১ | ৪৮০০ | ২৭১০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ২১০০ | ২১৫০ |
| | | ৩.৭ বায়ু/পানি/মাটি/খাদ্যদ্রব্য/শাকসবজি ইত্যাদি নমুনা/অন্যান্য পদার্থের রাসায়নিক বিশ্লেষণ | ৩.৭.১ বিশ্লেষিত বিভিন্ন নমুনা/পদার্থ | সমষ্টি | সংখ্যা | ১ | --- | ৫৬৩৯ | ৩৫০০ | ৩৪০০ | ৩৩০০ | ৩২০০ | ৩১০০ | ৩৬৫০ | ৩৭০০ |
| | | ৩.৮ পরমাণু চিকিৎসা সেবা কেন্দ্রে রক্ত নমুনার ধর্ম ও গুণাগুণ বিশ্লেষণ | ৩.৮.১ বিশ্লেষিত রক্ত নমুনা | সমষ্টি | সংখ্যা | ১ | --- | ২৮৬৫৪ | ২০০০০ | ১৯০০০ | ১৮০০০ | ১৭০০০ | ১৬০০০ | ৩৫০০০ | ৩৬০০০ |
| | | ৩.৯ তেজস্ক্রিয়তা পরিবীক্ষণ যন্ত্রের ক্যালিব্রেশন | ৩.৯.১ ক্যালিব্রেশনকৃত যন্ত্র | সমষ্টি | সংখ্যা | ১ | --- | ১১০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৯১ | ৯২ |

*সাময়িক (মার্চ, ২০২০ পর্যন্ত)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০ – ২০২১ (Target/Criteria Value for FY 2020-2021) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ০৪. আর্থ-সামাজিক উন্নয়নের জন্য পরিবেশ বান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন | ৫ | ৪.১ গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিতকরণ | ৪.১.১ বৈজ্ঞানিক জার্নালে প্রকাশিত প্রবন্ধ ও বই | সমষ্টি | সংখ্যা | ১ | ১৫২ | ১১০ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৫ | ৭৪ | ১৫৩ | ১৫৪ |
| | | | ৪.১.২ আয়োজিত সেমিনার ও কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬ | ৭ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৯ | ৯ |
| ০৫. বিজ্ঞান ও প্রযুক্তি প্রসারে অবকাঠামো উন্নয়ন | ৫ | ৫.১ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল পর্যায়ের নির্মাণ কার্যক্রম | ৫.১.১ ভৌত অগ্রগতি | সমষ্টি | % | ৩ | ৯ | ১০.৮ | ১৬ | ১২ | ১০ | ৮ | ৬ | ১৮ | ১৫ |
| | | ৫.২ মংলা বন্দরে স্থাপিত তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও পরিবীক্ষণ গবেষণাগারের মানবসম্পদ উন্নয়নসহ আবাসিক সুবিধাদি স্থাপন | ৫.২.১ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় | সমষ্টি | % | ১ | ৮৬.৬৮ | ৮.৪১ | ৩ | ২.৯ | ২.৮ | ২.৭ | ২.৬ | ১.৯১ | - |
| | | ৫.৩ দেশের আরও ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনষ্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন | ৫.৩.১ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় | সমষ্টি | % | .৫০ | ৩৯.২৯ | ১৭.০৩ | ৮.৪৭ | ৮ | ৭.৯ | ৭.৫ | ৭ | ৯ | ৮ |
| | | ৫.৪ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, দিনাজপুর ও রংপুর-এর সক্ষমতা বৃদ্ধি | ৫.৪.১ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় | সমষ্টি | % | .৫০ | ৪১.৪০ | ২১.২৩ | ১০.৪২ | ১০ | ৯.৫ | ৯ | ৮.৫ | ৪ | - |

*সাময়িক (মার্চ, ২০২০ পর্যন্ত)

**রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের (মূল পর্যায়) ভৌত অগ্রগতি General Contract এর বিভিন্ন শর্তসমূহের উপর নির্ভরশীল

# বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১

## (মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১- | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................ 22/9/2020 খ্রি:
চেয়ারম্যান ........................ তারিখ
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

অধ্যাপক ডাঃ মোঃ সানোয়ার হোসেন
চেয়ারম্যান (চলতি দায়িত্ব)
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
আগারগাঁও, ঢাকা-১২০৭

........................ 22/9/2020
সিনিয়র সচিব ........................ তারিখ
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সংযোজনী ১

শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বাপশক | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন |
| ২ | আইএসও | ইন্টারন্যাশনাল স্ট্যান্ডারডাইজেশন অর্গানাইজেশন |
| ৩ | BAEC | Bangladesh Atomic Energy Commission |
| ৪ | FCD | First Concrete Pouring Date |
| ৫ | ইনমাস | ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস |
| ৬ | জেএসসি | জয়েন্ট-স্টক কোম্পানী |
| ৭ | পেট-সিটি | পজিট্রন ইমিশন টমোগ্রাফী-কম্পিউটারাইজড টমোগ্রাফী |
| ৮ | এনএমপিআই | নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ইনস্টিটিউট |
| ৯ | আইটিবিবিআর | ইনস্টিটিউট অব টিস্যু ব্যাংকিং অ্যান্ড বায়োম্যাটারিয়াল রিসার্চ |
| ১০ | পশকে | পরমাণু শক্তি কেন্দ্র |
| ১১ | আরটিএমএল | রেডিওঅ্যাকটিভিটি টেস্টিং অ্যান্ড মনিটরিং ল্যাবরেটরী |
| ১২ | NPPCBL | **Nuclear Power Plant Company Bangladesh Limited** |
| ১৩ | নিনমাস | ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস |
| ১৪ | এইআরই | অ্যাটমিক অ্যানার্জি রিসার্চ অ্যাস্টাব্লিসম্যান্ট |

## সংযোজনী ২
## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১.১ থিসিস/রিপোর্ট সম্পাদনে গবেষণা সহায়তা | ১.১.১ সম্পাদিত থিসিস/রিপোর্ট | গবেষণা কর্মের জন্য সুপারভাইজারী সেবাসহ বিজ্ঞান ল্যাব সুবিধা গ্রহণকারী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, গবেষক ও শিক্ষকবৃন্দ কর্তৃক সম্পাদিত থিসিস/রিপোর্ট | বাপশক অধীনস্থ সকল প্রতিষ্ঠান | থিসিস/রিপোর্টের অ্যাবস্ট্রাক্ট এর ফটোকপি | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ১.২ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ | ১.২.১ প্রশিক্ষিত জনবল | পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার, শিল্প ও প্রযুক্তি বিষয়ে গবেষণা সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | বাপশক অধীনস্থ সকল প্রতিষ্ঠান | প্রশিক্ষণার্থির তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| ২ | ২.১ বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালা আয়োজন | ২.১.১ আয়োজিত সেমিনার ও কর্মশালা | আয়োজিত সেমিনার ও কর্মশালার সংখ্যা | বাপশক অধীনস্থ সকল প্রতিষ্ঠান | সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণকারীর তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ২.২ স্কুলের ছাত্র/ছাত্রীকে সাভারস্থ এইআরই এর বিভিন্ন গবেষণাগার পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ছাত্র/ছাত্রীদের মাঝে বঙ্গবন্ধু বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন এবং বিজয়ীদের মাঝে বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী ক্রেস্ট ও পুরস্কার প্রদান | ২.২.১ আয়োজিত প্রতিযোগিতা | স্কুলের ছাত্র/ছাত্রীদের গবেষণাগার পরিদর্শন কুইজ প্রতিযোগিতার মাধ্যমে বিজ্ঞান বিষয়ক জ্ঞানার্জন | এইআরই, সাভার | গবেষণাগার পরিদর্শন ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের তালিকা | বাপশক-এর ২০১৯-২০২০ বার্ষিক প্রতিবেদন |
| ৩ | ৩.১ সাধারণ ও রেডিও-আইসোটোপ ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রদান | ৩.১.১ সেবা গ্রহীতা | পরমাণু চিকিৎসা কেন্দ্রে সাধারণ/রেডিও-আইসোটোপ ভিত্তিক স্বাস্থ্যসেবা | বাপশক অধীনস্থ সকল ইনমাস ও নিনমাস, ঢাকা | সেবাগ্রহণকারীর সংখ্যা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.২ অ্যামনিয়ন টিস্যু ও অস্থি গ্রাফট উৎপাদন ও সরবরাহ | ৩.২.১ সরবরাহকৃত অ্যামনিয়ন টিস্যু | শল্য চিকিৎসায় ব্যবহৃত অ্যামনিয়ন টিস্যু উৎপাদন ও সরবরাহ | আইটিবিবিআর | সরবরাহকৃত অ্যামনিয়ন টিস্যুর তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | | ৩.২.২ সরবরাহকৃত অস্থি গ্রাফট | শল্য চিকিৎসায় ব্যবহৃত অস্থি গ্রাফট উৎপাদন ও সরবরাহ | আইটিবিবিআর | সরবরাহকৃত অস্থি গ্রাফটের তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৩ আমদানী ও রপ্তানীকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার মাত্রা নিরূপণ | ৩.৩.১ তেজস্ক্রিয়তার মাত্রা নিরূপিত সেবা | আমদানী ও রপ্তানীকৃত খাদ্যদ্রব্যে তেজস্ক্রিয়তার মাত্রা | পশকে ঢাকা ও চট্টগ্রাম এবং আরটিএমএল, মংলা | প্রদত্ত সেবার তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৪ বিকিরণকর্মীর শরীরে প্রাপ্ত বিকিরণ মাত্রা নিরূপণ | ৩.৪.১ টিএলডি সেবা প্রদান | বিকিরণকর্মীর শরীরে প্রাপ্ত বিকিরণ মাত্রা | পশকে, ঢাকা | প্রদত্ত সেবার তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৫ বিকিরণ প্রয়োগের মাধ্যমে খাদ্যদ্রব্য সংরক্ষণ (জীবাণুমুক্তকরণ ও সেলফলাইফ বৃদ্ধি) | ৩.৫.১ বিকিরণ প্রয়োগকৃত খাদ্যদ্রব্যের পরিমাণ | পারমাণবিক প্রযুক্তির মাধ্যমে খাদ্যদ্রব্যে বিকিরণ প্রয়োগ | আইএফআরবি ও আইআরপিটি | মাস ভিত্তিক সেবা প্রদানের তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৬ বিকিরণ প্রয়োগের মাধ্যমে চিকিৎসাসামগ্রী জীবাণুমুক্তকরণ | ৩.৬.১ বিকিরণ প্রয়োগকৃত চিকিৎসাসামগ্রির পরিমাণ | পারমাণবিক প্রযুক্তির সাহায্যে চিকিৎসাসামগ্রীতে বিকিরণ প্রয়োগ | আইএফআরবি | মাস ভিত্তিক সেবা প্রদানের তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৭ বায়ু/পানি/মাটি/খাদ্যদ্রব্য/শাকসবজি ইত্যাদি নমুনা/অন্যান্য পদার্থের রাসায়নিক বিশ্লেষণ | ৩.৭.১ বিভিন্ন নমুনা/পদার্থ বিশ্লেষণ | রাসায়নিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বায়ু/পানি/মাটি ইত্যাদি নমুনা/অন্যান্য পদার্থের ধর্ম, গুণাগুণ, বৈশিষ্ট্য নির্ণয় | বাপশক অধীনস্থ সকল কেন্দ্র/প্রতিষ্ঠান | মাস ভিত্তিক নমুনা/পদার্থ বিশ্লেষণের তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৮ পরমাণু চিকিৎসা কেন্দ্রে সেবা গ্রহণকারীর শরীরের রক্ত নমুনার ধর্ম ও গুণাগুণ বিশ্লেষণ | ৩.৮.১ বিশ্লেষিত রক্ত নমুনা | পরমাণু চিকিৎসা কেন্দ্রে সেবা গ্রহণকারীর শরীরের রক্ত নমুনা বিশ্লেষণ | নিনমাস ও সকল ইনমাস | মাসভিত্তিক বিশ্লেষিত রক্ত নমুনার তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৩.৯ তেজস্ক্রিয়তা পরিবীক্ষণ যন্ত্রের ক্যালিব্রেশন | ৩.৯.১ ক্যালিব্রেশনকৃত যন্ত্র | নিউক্লিয়ার স্থাপনায় ব্যবহৃত তেজস্ক্রিয় পরিমাপ যন্ত্রের ক্যালিব্রেশন করা | আইএনএসটি, এইআরই, সাভার | ক্যালিব্রেশনকৃত সেবার তালিকা | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| ৪ | ৪.১ গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিতকরণ | ৪.১.১ বৈজ্ঞানিক জার্নালে প্রকাশিত প্রবন্ধ ও বই | গবেষণালব্ধ ফলাফল/বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ প্রকাশনা | বাপশক অধীনস্থ সকল প্রতিষ্ঠান | প্রকাশিত প্রবন্ধ ও বইয়ের ফার্স্ট পেজের ফটোকপি | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | | ৪.১.২ আয়োজিত সেমিনার ও কর্মশালা | গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিতকরণের জন্য আয়োজিত সেমিনার ও কর্মশালা | বাপশক অধীনস্থ সকল প্রতিষ্ঠান | সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারীগণের তালিকা | বাপশক -এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| ৫ | ৫.১ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে মূল পর্যায়ের নির্মাণ কার্যক্রম | ৫.১.১ ভৌত অগ্রগতি | রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল পর্যায়ের নির্মাণ কাজের ভৌত অগ্রগতি | এনপিইউডি ও এনপিসিবিএল | সংশ্লিষ্ট তথ্যের ফটোকপি | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৫.২ মংলা বন্দরে স্থাপিত তেজস্ক্রিয়তা পরীক্ষণ ও পরিবীক্ষণ গবেষণাগারের মানবসম্পদ উন্নয়নসহ আবাসিক সুবিধাদি স্থাপন | ৫.২.১ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় | মানবসম্পদ উন্নয়নসহ আবাসিক সুবিধাদি স্থাপন | আরটিএমএল, মংলা | সংশ্লিষ্ট তথ্যের ফটোকপি | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৫.৩ দেশের আরও ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন | ৫.৩.১ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় | আরও ৮টি ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন | প্রকল্প পরিচালক | সংশ্লিষ্ট তথ্যের ফটোকপি | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |
| | ৫.৪ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, দিনাজপুর ও রংপুর-এর সক্ষমতা বৃদ্ধি | ৫.৪.১ প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে ব্যয় | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, দিনাজপুর ও রংপুর-এ স্থাপিত ইনমাসসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ | প্রকল্প পরিচালক | সংশ্লিষ্ট তথ্যের ফটোকপি | বাপশক-এর ২০২০-২০২১ বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩

অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| রাশান ফেডারেশনের JSC Atom stroyexport | রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল পর্যায়ের নির্মাণ কার্যক্রমের ভৌত অগ্রগতি | ভৌত অবকাঠামো (মূল পর্যায়) | General Contract অনুযায়ী ভৌত কাজ সম্পাদন | General Contract অনুযায়ী রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব JSC Atomstroyexport সংস্থার | সরকারের অগ্রাধিকারভুক্ত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হবে। |